জেলা শিল্পকলা একাডেমি, সিলেট
shilpakala.sylhet.gov.bd

নম্বর : ৪৩.২০.৯১০০.০০১.১৬.০০১.২০.৪৯

তারিখ : ২২ চৈত্র ১৪২৮ / ০৫ এপ্রিল ২০২২

# সম্পাদিত কার্যক্রমের প্রতিবেদন : মার্চ ২০২২

**০১। মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও স্বাধীনতার মাস বরণ উপলক্ষে আনন্দ শোভাযাত্রায় অংশগ্রহণ** : মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও স্বাধীনতার মাস বরণ উপলক্ষে ০১ মার্চ ২০২২ তারিখ সিলেট জেলা প্রশাসন আয়োজিত আনন্দ শোভাযাত্রায় সিলেট জেলা শিল্পকলা একাডেমির বর্ণিল সাজে সজ্জিত হয়ে অংশগ্রহণ করে।

**০২। ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ২০২২ উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় নির্দেশিত সিলেট জেলা পর্যায়ে প্রতিযোগিতা ২০২২-এর ব্যবস্থাপনা** : ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ২০২২ উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে জেলা প্রশাসন সিলেটের আয়োজনে ও জেলা শিল্পকলা একাডেমি সিলেটের ব্যবস্থাপনায় ৬ মার্চ সংগীত, নৃত্য ও আবৃত্তি বিষয়ক জেলা পর্যায়ের প্রতিযোগিতা জেলা শিল্পকলা একাডেমিতে অনুষ্ঠিত হয়।

**০৩। ঐতিহাসিক ৭ই মার্চ দিবস উদ্‌যাপন** : ঐতিহাসিক ৭ই মার্চ দিবস বাঙালি জাতির স্বাধিকার আন্দোলনের অন্যতম তাৎপর্যপূর্ণ অধ্যায়। হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭১ সালের ৭ই মার্চ রেসকোর্স ময়দানে সমবেত লক্ষ লক্ষ জনতার সামনে যে ভাষণ দিয়েছিলেন, আজ তা বিশ্ব দরবারে সমাদৃত ও আন্তর্জাতিকভাবে স্বীকৃত। দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে ৭ই মার্চ বিকাল ৫টায় একাডেমির মিলনায়তনে জেলা প্রশাসন ও জেলা শিল্পকলা একাডেমি সিলেটের উদ্যোগে আয়োজন করা হয় সাংস্কৃতিক অনুষ্ঠানের। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিলেটের জেলা প্রশাসক মোঃ মজিবর রহমান। এছাড়াও অন্যান্য অতিথিবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার শাখার উপপরিচালক মোঃ মামুনুর রশীদ, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সত্যজিৎ রায় দাশ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো. মোবারক হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) আনোয়ার সাদাত, বীর মুক্তিযোদ্ধা ভবতোষ রায় বর্মণ, বীর মুক্তিযোদ্ধা ব্যারিস্টার মো. আরশ আলী এবং জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্ত প্রমুখ। আবৃত্তিশিল্পী রোহেনা সুলতানার উপস্থাপনায় দিবসভিত্তিক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে দলীয় ও একক পরিবেশনায় অংশগ্রহণ করেন জেলা শিল্পকলা একাডেমির সংগীত, নৃত্য ও আবৃত্তি দল, একাডেমি ফর মণিপুরী কালচার এন্ড আর্ট, ললিত-মঞ্জরী সিলেট, শামীমা চৌধুরী, গৌতম চক্রবর্ত্তী, প্রতীক এন্দ ও অর্পিতা রাণী তালুকদার। এছাড়াও জেলা শিল্পকলা একাডেমি কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা নিবেদন স্বরূপ সকাল ৯টায় জেলা প্রশাসকের কার্যালয়ে বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পস্তবক অর্পনের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। বিকাল ৪:৩০টায় একাডেমির চিত্রশালায় জেলা শিল্পকলা একাডেমি সিলেট ও বাংলাদেশ ফটো জার্নালিস্ট এসোসিয়েশন, সিলেট-এর আয়োজনে বঙ্গবন্ধুর কর্মময় জীবনের উপর ৩ দিনব্যাপী 'আলোকচিত্র প্রদর্শনী'র উদ্বোধন করা হয়। আলোকচিত্র প্রদর্শনীটি প্রতিদিন বেলা ১২টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত আগামী ৯ মার্চ পর্যন্ত চলে। এছাড়াও ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ২০২২ উপলক্ষে সিলেটের জেলা প্রশাসক মোঃ মজিবর রহমানের ভাবনা ও পরিকল্পনায় এবং জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের পরিচালনায় ৭ই মার্চ সকাল ৯টায় শত শিশুর কণ্ঠে উপস্থাপিত হয় হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণটি।

**০৪। স্বল্প ব্যয়ে নতুন স্থানে নতুন নাটক' শীর্ষক কর্মসূচি** : স্বাধীনতার সুবর্ণজন্তী ও মুজিব বর্ষ উদযাপনের অংশ হিসেবে বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে 'থিয়েটার এগেইনস্ট করোনা' শীর্ষক কার্যক্রমের আওতায় দেশের ৩০০টি নাট্য, নৃত্য ও আবৃত্তিদলের অংশগ্রহণে স্বল্প ব্যয়ে, স্বল্প পরিসরে, বিকল্প স্থানে করোনার বিরুদ্ধে নতুন প্রযোজনা মঞ্চায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মসূচির মধ্যে অংশগ্রহণকারী ১২ সংগঠনের মধ্যে ৬টি সংগঠন ইতোমধ্যে তাদের ৩টি করে প্রদর্শনী মঞ্চায়ন করেছে।

[চলমান পাতা - ২]

০৫। **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপন :** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপন উপলক্ষে জেলা শিল্পকলা একাডেমি সিলেটের উদ্যোগে ১৪ মার্চ ২০২২ সোমবার বিকাল ৩:৩০ মিনিট চিত্রাংকন ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় বিজয়ীদের ১৭ মার্চ ২০২২ সকাল ১০:৩০টায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপন উপলক্ষে জেলা প্রশাসন আয়োজিত আলোচনাসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে পুরস্কার বিতরণ করা হয় এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের ব্যবস্থপনাও করা হয়। জেলা প্রশাসন সিলেট আয়োজিত বর্ণাঢ্য শোভাযাত্রায় অংশগ্রহণ করে জেলা শিল্পকলা একাডেমির কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। এছাড়াও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপন উপলক্ষে বঙ্গবন্ধু ম্যুরালে জেলা শিল্পকলা একাডেমির পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদন এবং জেলা প্রশাসন সিলেট আয়োজিত পুষ্পস্তবক প্রদান অনুষ্ঠান সঞ্চালনার দায়িত্ব পালন করেন জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্ত।

০৬। **মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলা ২০২২ এবং উন্নয়নশীল দেশে উত্তরণ উদযাপন উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান-এর ব্যবস্থাপনা :** ২০ মার্চ ২০২২ তারিখ থেকে ২৩ মার্চ ২০২২ তারিখ পর্যন্ত জেলা স্টেডিয়াম প্রাঙ্গণে স্থাপিত স্বাধীনতার সুবর্ণজয়ন্তী মঞ্চে জেলা প্রশাসন, সিলেট আয়োজিত মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলা ২০২২ এবং ২৪ মার্চ উন্নয়নশীল দেশে উত্তরণ উদযাপন উপলক্ষে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানের ব্যবস্থাপনা করে সিলেট জেলা শিল্পকলা একাডেমি।

০৭। **গণহত্যা দিবস ২০২২ পালন :** সিলেটে নানান কর্মসূচির মধ্য দিয়ে জাতীয় গণহত্যা দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়। দিবসটি পালন উপলক্ষে জেলা প্রশাসন ও জেলা শিল্পকলা একাডেমি সিলেটের আয়োজনে ২৫ মার্চ সন্ধ্যা ৬:৩০টায় সিলেট কেন্দ্রীয় শহিদ মিনার সংলগ্ন বধ্যভূমিতে আলোক প্রাজ্বলন কর্মসূচির আয়োজন করা হয়। ২৫ মার্চ কালোরাত্রিতে নিহত শহিদদের স্মরণে আলোক প্রাজ্বলনের শুভ সূচনা করেন সিলেট বিভাগীয় কমিশনার ড. মুহাম্মদ মোশাররফ হোসেন। এর পরপরই সিলেটের জেলা প্রশাসক মোঃ মজিবর রহমানের সভাপতিত্বে এবং জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের পরিচালনায় সংক্ষিপ্ত আলোচনা পর্ব অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথির বক্তব্য রাখেন সিলেট বিভাগীয় কমিশনার ড. মুহাম্মদ মোশাররফ হোসেন এবং বিশেষ অতিথির বক্তব্য রাখেন সিলেট রেঞ্জের ডিআইজি মফিজ উদ্দিন আহম্মেদ পিপিএম, এসএমপির পুলিশ কমিশনার মো. নিশারুল আরিফ, পুলিশ সুপার মোহাম্মদ ফরিদ উদ্দিন পিপিএম ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ সিলেট মহানগর ইউনিটের সাবেক কমান্ডার ভবতোষ রায় বর্মণ। এরপূর্বে বিকাল ৪:২০ মিনিট থেকে সন্ধ্যা ৬:১০ মিনিট পর্যন্ত জেলা প্রশাসন সিলেটের উদ্যোগে ও জেলা শিল্পকলা একাডেমি সিলেটের ব্যবস্থাপনায় সিলেট কেন্দ্রীয় শহিদ মিনার মঞ্চে মুক্তিযুদ্ধভিত্তিক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানে গীতিনৃত্যনাট্য, দলীয় সংগীত, নৃত্য, আবৃত্তি ও দেশাত্মবোধক বাউলগান পরিবেশন করেন স্থানীয় শিল্পীরা।

০৮। **মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদ্‌যাপন :** মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষে ২৬ মার্চ সকালে বঙ্গবন্ধু ম্যুরালে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন শিল্পকলা একাডেমির কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। এরপর সন্ধ্যা সাড়ে ৬টায় শিল্পকলা একাডেমির মিলনায়তনে জেলা প্রশাসন ও জেলা শিল্পকলা একাডেমি সিলেটের উদ্যোগে আয়োজন করা হয় সাংস্কৃতিক অনুষ্ঠানের। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিলেটের জেলা প্রশাসক মোঃ মজিবর রহমান। এছাড়াও অন্যান্য অতিথিবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার শাখার উপপরিচালক মোঃ মামুনুর রশীদ, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) আনোয়ার সাদাত, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সত্যজিৎ রায় দাশ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো. মোবারক হোসেন, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ইমরুল হাসান, উপজেলা নির্বাহী অফিসার সিলেট সদর নুসরাত আজমেরী হক এবং জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্ত প্রমুখ। আবৃত্তিশিল্পী রোহেনা সুলতানার উপস্থাপনায় সঞ্চালনায় সাংস্কৃতিক সন্ধ্যায় দলীয় সংগীত, নৃত্য ও আবৃত্তি পরিবেশনায় অংশগ্রহণ করেন জেলা শিল্পকলা একাডেমি, একাডেমি ফর মণিপুরি কালচার এন্ড আর্টস ও ললিত মঞ্জরি সিলেট। একক পরিবেশনার মধ্যে মোকাদ্দেস বাবুল আবৃত্তি, প্রতীক এন্দ, পপি কর ও প্রিয়াংকা দাস সংগীত এবং অণ্বেষা ভট্টাচার্য্য নৃত্য পরিবেশন করেন।

০৯। **বিশ্ব নাট্য দিবস উদ্‌যাপন :** বিশ্ব নাট্য দিবস ২০২২ উদ্‌যাপন উপলক্ষে জেলা শিল্পকলা একাডেমি সিলেটের উদ্যোগে ২৭ মার্চ বিকাল ৪:৩০টায় নগরীর পূর্ব শাহী ঈদগাহস্থ জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে আয়োজন করা হয় নাটক প্রদর্শনী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের। অনুষ্ঠানের শুরুতেই স্বাগত বক্তব্য এবং নাট্য দিবসের বাণী পাঠ করেন জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্ত। আবৃত্তিশিল্পী সুলতানার সঞ্চালনায় এরপরপরই দিক থিয়েটার শাবিপ্রবি সিলেট মঞ্চায়ন করে 'আভাস' নাটকটি। নাটকটির রচনায় ছিলেন মোতাহার হোসেন সোহেল এবং নির্দেশনায় ছিলেন আব্দুল বাছিত সাদাফ। এরপর সাংস্কৃতিক পর্বে পরিবেশিত হয় জেলা শিল্পকলা একাডেমি সংগীত, নৃত্য ও আবৃত্তি দলের পরিবেশনায় সম্মেলক সংগীত, নৃত্য ও আবৃত্তি পরিবেশিত হয়। সংগীত ও নৃত্য পরিচালনায় ছিলেন একাডেমির প্রশিক্ষক পূর্ণিমা দত্ত রায়, অরুণ কান্তি তালুকদার, জ্যোতি ভট্টাচার্য্য, প্রতীক এন্দ, মো. জসিম উদ্দীন ও প্রতিভা রায় কেয়া। একক পরিবেশনায় ছিলেন মাইবম আইরিন লৈনা, লিজা পাল ও নিবেদিতা পাল।

[চলমান পাতা - ৩]

**১০। কথন আবৃত্তি সংসদ আয়োজিত অনুষ্ঠানে সহযোগিতা :** মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে কথন আবৃত্তি সংসদ সিলেটের আয়োজনে ৩১ মার্চ বিকাল সাড়ে ৩টায় নগরীর পূর্ব শাহী ঈদগাহস্থ একাডেমি মিলনায়তনে আয়োজন করা হয় কথন আবৃত্তি পদক ও আবৃত্তি উৎসব ২০২২ অনুষ্ঠানের। দিনব্যাপী আয়োজিত এই অনুষ্ঠানের সহযোগিতায় ছিল জেলা শিল্পকলা একাডেমি, সিলেট।

**১১। প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম :** বাংলাদেশ শিল্পকলা একাডেমি প্রণীত প্রশিক্ষণকেন্দ্র পরিচালন নীতিমালা ও নির্ধারিত পাঠ্যক্রমের আলোকে সিলেট জেলা শিল্পকলা একাডেমির বছরব্যাপী নিয়মিত কার্যক্রম সংগীত, নৃত্য, নাটক, তালবাদ্যযন্ত্র, চারুকলা ও আবৃত্তি বিষয়ে শিশু ও সাধারণ বিভাগের আওতায় শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। স্বাস্থ্যবিধি মেনে ২৪ ফেব্রুয়ারি ২০২২ থেকে নতুন বছরের প্রশিক্ষণ ক্লাস অনুষ্ঠিত হচ্ছে।

**১২। লাইব্রেরী সংক্রান্ত কার্যক্রম :** জেলা শিল্পকলা একাডেমিতে একটি সুসজ্জিত লাইব্রেরি রয়েছে। লাইব্রেরিটিতে বর্তমানে পাঠকদের পড়ার জন্য সর্বমোট ১১৪২টি বই রয়েছে। পাশাপাশি বিক্রির জন্য শিল্প-সাহিত্য-সংস্কৃতির বইও রয়েছে। জেলা শিল্পকলা একাডেমির প্রশিক্ষণার্থী, প্রশিক্ষণার্থীদের অভিভাবক ছাড়াও এখানকার শিল্পী-সংস্কৃতিকর্মী এবং শিক্ষার্থীরা নিয়মিত লাইব্রেরিতে বই পড়তে আসেন। শুধুমাত্র বই পড়া কার্যক্রমের মধ্যে সীমাবদ্ধ না থেকে এর আওতায় নিয়মিত মাসিক পাঠচক্রেরও আয়োজনা করা হয়। স্বাস্থ্যবিধি মেনে সুষ্ঠুভাবে এই কার্যক্রমটি পরিচালিত হচ্ছে।

সংযুক্ত :
১. ....... কপি ছবি (সফট কপি)।
২. .... পেপার কাটিংটি।

০৫/০৪/2022

(অসিত বরণ দাশ গুপ্ত)
জেলা কালচারাল অফিসার
সিলেট
ফোন : ০৮২১-৭১৯০৫৮
sylhet@shilpakala.gov.bd

মহাপরিচালক
বাংলাদেশ শিল্পকলা একাডেমি
সেগুনবাগিচা, রমনা, ঢাকা।

অনুলিপি : সদয় অবগতির জন্য
১. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমি, সিলেট।